



## জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০১৯



২২ অক্টোবর, ২০১৯

জীবনের আগে জীবিকা নয়, সড়ক দুর্ঘটনা আর নয়

### মোটরসাইকেল চালকদের প্রতি আহ্বান

- ১। ফুটপাথ দিয়ে এবং রাস্তায় বেপরোয়াভাবে মোটরসাইকেল চালাবেন না।
- ২। মোটরসাইকেল চালক ও আরোহী উভয়ই অবশ্যই হেলমেট ব্যবহার করুন।
- ৩। মোটরসাইকেলে চালক ব্যতীত একজনের বেশি আরোহী/যাত্রী বহন করবেন না।
- ৪। বৈধ এবং হালনাগাদ কাগজপত্র ছাড়া মোটরসাইকেল চালাবেন না।

### মোটরযান মালিকদের প্রতি আহ্বান

- ১। যান্ত্রিক ত্রুটিযুক্ত ও ফিটনেসবিহীন গাড়ি রাস্তায় নামাবেন না।
- ২। বৈধ কাগজপত্র ছাড়া গাড়ি রাস্তায় নামাবেন না।
- ৩। বিআরটিএ'র সংশ্লিষ্ট অফিস থেকে ড্রাইভিং লাইসেন্সের বৈধতা যাচাই করে গাড়িচালক নিয়োগ দিন।

### মোটরযান চালকদের প্রতি আহ্বান

- ১। ওভারটেকিং নিষিদ্ধ এলাকা, রাস্তার বাঁক, সরু ব্রিজে ওভারটেকিং করবেন না।
- ২। গাড়ি চালনাকালে ইয়ারফোন ও মোবাইল ফোনে কথা বলবেন না।
- ৩। গতিসীমা লঙ্ঘন করে গাড়ি চালাবেন না।
- ৪। মাদকদ্রব্য সেবন করে কিংবা ঘুম-ঘুম ভাব হলে গাড়ি চালাবেন না।
- ৫। একটানা পাঁচ ঘণ্টার বেশি গাড়ি চালাবেন না।
- ৬। ট্রাফিক আইন, ট্রাফিক সাইন এবং ট্রাফিক পুলিশের নির্দেশ মেনে চলুন।
- ৭। গাড়িতে অতিরিক্ত যাত্রী বা মালামাল তুলবেন না। বৈধ ড্রাইভিং লাইসেন্স ছাড়া গাড়ি চালাবেন না।
- ৮। সিটবেল্ট বেঁধে গাড়ি চালান। নিরাপদে যাত্রী উঠা-নামা নিশ্চিত করুন।

### পথচারীদের প্রতি আহ্বান

- ১। ফুটপাথ দিয়ে চলাচল করুন। যেখানে ফুটপাথ নেই, সেখানে রাস্তার ডান পাশ দিয়ে সাবধানে চলাচল করুন।
- ২। জেব্রা ক্রসিং, ফুটওভারব্রিজ ও আন্ডারপাস দিয়ে রাস্তা পারাপার হোন।
- ৩। দৌড়ে অথবা মোবাইল ফোনে কথা বলতে বলতে রাস্তা পার হবেন না।

### যাত্রীদের প্রতি আহ্বান

- ১। চলন্ত গাড়িতে চালক মোবাইল ফোন ব্যবহার করলে তাকে নিবৃত্ত করুন।
- ২। সড়ক দুর্ঘটনা ঘটানোর সাথে সাথে স্থানীয় পুলিশকে সংবাদ দিন। আইন নিজের হাতে তুলে নিবেন না।
- ৩। সময় বাঁচাতে গিয়ে ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী হয়ে গাড়িতে উঠবেন না। চলন্ত গাড়িতে ওঠানামা করবেন না।
- ৪। মোটরযানে ধূমপান করবেন না। মালবাহী মোটরযানে যাত্রী হয়ে উঠবেন না।

● সাবধানে চালাবো গাড়ি, নিরাপদে ফিরবো বাড়ি।

● আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)